# জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত শৈলকুপা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি : | মোছাঃ শেফালী বেগম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>১৮/০১/২০২২ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম জানান, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের হার বেড়েছে। ফলে আমাদের সকলকে মাস্ক ব্যবহারসহ কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ও সাবধান থাকতে হবে। এছাড়াও সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে। অতঃপর আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত ০৯/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ সভায় জানান, এ পর্যন্ত অত্র উপজেলায় ১৪৬৪ জন "কোভিড-১৯" এ আক্রান্ত হয়েছে। তন্মধ্যে ১৪২০ জন সুস্থ হয়েছে। বর্তমানে "করোনা ভাইরাস" এর সংক্রমণ উর্ধ্বমুখী। ফলে স্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক সকলকে সদা সতর্ক থাকতে হবে এবং সরকারের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ঘরের বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং বাইরে থেকে ঘরে প্রবেশের আগে অবশ্যই ভালো করে ফেনাযুক্ত সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। তাছাড়া ডিসেম্বর ২০২১ মাসে বহি: বিভাগে ৭৩২৬ জন ও জরুরি বিভাগে ২৪৩০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। সিজারিয়ান রোগীর সংখ্যা ০৬ জন এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ৬১ জন। সরকারি নিয়ম অনুযায়ী ১৭২৫৮৫/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) করোনা ভাইরাস প্রতিরোধে সতর্ক থাকতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা প্রকৌশল (এলজিইডি) দপ্তর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম ও ২য় কিস্তিতে যথাক্রমে ২৭,১৬,০০০/- ও ২৭,১৬,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থে বিধি মোতাবেক বিভাজনপূর্বক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরও জানান, পিইডিপি-৪ এর আওতায় প্রথম পর্যায়ে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪টি বিদ্যালয়ের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং বাকী ১০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। তাছাড়াও, চলতি অর্থবছরে ১১টি বিদ্যালয়ের মধ্যে ৯টি বিদ্যালয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং বাকী ০২টি বিদ্যালয়ের কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। নতুন জাতীয়করণকৃত ২২টি প্যাকেজের ৩৪টি বিদ্যালয়ের মধ্যে ২৪টির কাজ শতভাগ শেষ হয়েছে এবং ১০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) বরাদ্দ প্রাপ্ত অর্থ বিধি মোতাবেক বিভাজনপূর্বক ইউপি চেয়ারম্যানগণের নিকট থেকে প্রকল্প আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নিবিড় তদারকির মাধ্যমে বাস্তবায়নাধীন সকল কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে।<br>গ) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :<br>প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় সাধারণ উন্নয়ন খাতে ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ জেলা কর্ণধার কমিটি হতে অনুমোদিত হয়েছে এবং গৃহীত প্রকল্পের কাজ বাস্তবায়নাধীন আছে। তিনি আরও জানান, চলতি সনে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়া গেছে। নির্ধারিত সময়ের মধ্যে এ প্রকল্পের কাজ সমাপ্ত করা প্রয়োজন। সকল চেয়ারম্যানকে বিধি মোতাবেক প্রকল্প দাখিলের জন্য সভার মাধ্যমে অনুরোধ করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) নিবিড় তদারকির মাধ্যমে বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।<br>খ) ৪০দিনের কর্মসূচী যথাসময়ে বাস্তবায়নের জন্য দ্রুত প্রকল্প দাখিল করতে হবে।<br>গ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা কৃষি বিভাগ সভায় জানান, প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় চলতি রবি ২০২১-২০২২ মৌসুমে ১৫০০ জন বোরো চাষীর প্রত্যেককে ৫কেজি উফসী বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং ২৮০০জন চাষীকে বোরো হাউব্রিড ধান চাষের জন্য বিনামূল্যে ২কেজি হারে বীজ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা । |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বার্ড ফ্লুসহ সকল সংক্রামক রোগ ও “ল্যাম্পি স্কিন ডিজিস” নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও জানান, ডিসেম্বর ২০২১ মাসে ২৩৫৬ টি গবাদী পশু ও ১০৭০০ টি হাস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং ১১৫৮০টি গবাদী পশু, ৭১২০০টি হাঁস-মুরগী ও কবুতরের টিকা প্রদান করা হয়েছে। তাছাড়াও, পোষা প্রাণি চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ০৩ টি। পশু চিকিৎসা সেবাসহ রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা, কৃত্রিম প্রজনন ও অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজস্ব আয় হয়েছে ৬৯৫৩০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা । |
| ০৬ | উপজেলা মৎস্য দপ্তর :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে জাটকা সংরক্ষণের জন্য ০৪টি বাজার পরিদর্শন করা হয়েছে। ০২টি ইউনিয়নের পুকুর জরিপ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ২২ জন মৎস্যচাষী/মৎস্যজীবি ও উদ্যোগতাকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ৬৯ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৯৩৩ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৩৬৫৭৮ পিস। গর্ভবতী মায়ের যত্ন ৬৪২ জন, গর্ভোত্তর মায়ের যত্ন ০৯ জন, প্রসব সেবা ০৯ জন, শিশু পরিচর্যা ১৪৭৫ জন এবং ৪৮৩৯ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) পরিবার পরিকল্পনা সেবায় এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিস সভায় জানান, চলতি মাসে ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের মাঝে শতভাগ বই বিতরণ করা হয়েছে এবং ৩য় হতে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের মাঝে আংশিক বই বিতরণ করা হয়েছে। অবিলম্বে অবশিষ্ট শিক্ষার্থীর মাঝে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল শিক্ষার্থীর মাঝে বই বিতরণ সম্পন্ন করতে হাবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর:<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা এবং স্বামী পরিত্যক্তা ও বিধবা ভাতাভোগী নির্বাচনের নিমিত্ত যাচাই-বাছাই কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং দ্রুত ভাতাভোগীদের মাঝে নগদের মাধ্যমে ভাতা বিতরণ কার্যক্রম শুরু হবে। তিনি আরও জানান, ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা ১২৩১৩ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ৬১৫৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৫৯৫০ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ২৯৭ জন, হিজরা বয়স্ক ভাতা ০৫ জন, হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি ০৫ জন, দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের বয়স্ক ভাতা ৯০ জন এবং দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের শিক্ষা উপবৃত্তি ৫৩ জন ব্যক্তিদের মধ্যে নির্ধারিত হারে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ ও প্রতিবন্ধী পরিচয়পত্র বিতরণ এবং বিভিন্ন ভাতাভোগীদের তথ্যাদি লিপিবদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | খাদ্য বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক রয়েছে এবং ২০২১-২০২২ অর্থবছরের আমন সংগ্রহের মেয়াদ ২৮/০২/২০২২ তারিখে সমাপ্ত হবে। তিনি আরও জানান, আগামী মার্চ ২০২২ হতে এপ্রিল ২০২২ পর্যন্ত প্রথম পর্যায়ের খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলারদের মাধ্যমে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইসের চাল বিক্রয় কার্যক্রম শুরু হবে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) নির্ধারিত সময়ের মধ্যে সরকারি নির্দেশনা মোতাবেক আমন ধান/চাল ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১২ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, গত ৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে অত্র উপজেলার ১২টি ইউনিয়নে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে সভার মাধ্যমে ধন্যবাদ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলার অবশিষ্ট মনোহরপুর ও নিত্যানন্দপুর ইউনিয়নে যথাক্রমে ৭ ফেব্রুয়ারি ও ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) বিগত দিনের নির্বাচনের মতো মনোহরপুর ও নিত্যানন্দপুর ইউনিয়নের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ইউনিয়ন পর্যায়ে ২৩৮২ জন উপকার ভোগীর অনুকূলে ডিসেম্বর ২০২১ মাসের খাদ্য শস্য ছাড় করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। তাছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে ৪১০ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭১০ জন ভাতাভোগীর ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২০-২০২১ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা তহবিলের আওতায় ২৭৪ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ৩৮৬৯ জনকে উন্নত মাতৃত্বকাল ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক রুটিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে আদায়যোগ্য যুব ঋণের পরিমাণ ৩,৮২,৬০০/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩,৪০,৯০০/- টাকা। চলতি মাসে ঋণ খেলাপি থেকে আদায় ৪৮৭০০/- টাকা এবং কিস্তি খেলাপি থেকে আদায় ৭০,৯০০/- টাকা। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯,৩০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণের পরিমাণ ২৬,৬০,০০০/- টাকা। তাছাড়াও ডিসেম্বর ২০২১ মাসে ১৪টি ব্যাচে ৪২০ জন যুবককে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর:<br>উপজেলা সমবায় অফিসার জানান, মোট ৭৫টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ৪৮৪০ জন। ডিসেম্বর ২০২১ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। এ পর্যন্ত মোট ঋণ বিতরণের পরিমাণ ৬৫,০৯,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের পরিমাণ ১৪,৭২২/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৫২,৯৯,১৪৯/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ১২,০৯,৮৫১/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৬ | উপজেলা রিসোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):<br>আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো লিঃ) সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ<br>প্রতিনিধি, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তরঃ<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |
| ২০ | ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তর (বিআরডিবি):<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(BRDB) জানান, মোট সমিতির সংখ্যা ১১২টি। তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৭৬২ জন। ডিসেম্বর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫৮,৩০,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৪৮,৭৯,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩,৪০,৬৩,০০০/- টাকা। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| | খ) পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক):<br>প্রকল্প কর্মকর্তা (পজীক) জানান, মোট সমিতির সংখ্যা ১১৭ টি তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৯২০ জন। ডিসেম্বর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৮,১৬,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৪,৫০,০০০/- টাকা। এ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৮৮,১৩,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রকল্প কর্মকর্তা (পজীক) |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর ও অগভীর নলকূপ স্থাপনের জন্য দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ২৫০০টি টিউবওয়েলের পানি ফিল্ড কীট টেস্টের মাধ্যমে পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২টি নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। তাছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাপ্ত ০৮ টি ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় ৪০ টি ওয়াস ব্লক এর মধ্যে ২৫ টির কার্যক্রম শেষ হয়েছে এবং ১৫ টি ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক):<br>শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক) সভায় জানান, এ উপজেলায় মোট সমিতির সংখ্যা ৩৮০টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১৬৫৫৯ জন। ডিসেম্বর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ২,৬৩,৩৪,০০০/- টাকা এবং ঋণ আদায় ১,৯৫,৪২,০০০/- টাকা। তাছাড়া এ পর্যন্ত মোট খেলাপির পরিমাণ ৮,৭৬,৮৩,০০০/- টাকা। এ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১০,৫৩,৭৪,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক । |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে ৫ম পর্যায়ে অত্র উপজেলা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং তিনি প্রকল্পের কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে সভাকে অবহিত করেন।<br>অত:পর ইউডিএফ উপজেলার বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট- খ)। প্রাপ্ত প্রকল্পসমূহ সভায় যাচাই-বাছাই করা হয়। | ক) যাচাই-বাছাই অন্তে প্রাপ্ত প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | <u>পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর:</u><br>উপজেলা পল্লি দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, ৬৪ টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ১৯৮৮ জন। ডিসেম্বর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৩১,২৮,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২৯,৭৫,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩২,৭৮,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২৫ | <u>উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র:</u><br>উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী সেবা গ্রহীতার সংখ্যা ৪২ এবং নতুন ও পুরাতন সেবা গ্রহীতাদের প্রদত্ত সেবার সংখ্যা ১৭৩১। তিনি আরও জানান প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপের কাজ চলামান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৬ | <u>উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর :</u><br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ এ সকল ভোট কেন্দ্রে নিয়োজিত আনসার সদস্যরা যথাযথভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করেছেন। তাছাড়াও, অবশিষ্ট ০২টি ইউনিয়নের নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ কার্যক্রম অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করার লক্ষ্যে আনসার সদস্যদের তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ২৭ | <u>বন বিভাগ:</u><br>ফরেস্টার, শৈলকুপা বনায়ন কেন্দ্র সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে ১০কি.মি. নতুন বাগান (সিডলিং) সৃজন করা হবে এবং চারা বিক্রয় ও বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫০০০টি। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৮ | <u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন:</u><br>প্রতিনিধি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা সভায় জানান, ডিসেম্বর ২০২১ মাসে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে ০৩ টি এবং ০২টি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছে ০৪ জন। তাছাড়া ডিসেম্বর ২০২১ মাসে ০২ টি মহড়া অনুষ্ঠিত হয়েছে ও ০২ টি অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা। |
| ২৯ | <u>ইসলামিক ফাউন্ডেশন:</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন সভায় জানান, করোনা ভাইরাস সংক্রমণের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সকল মসজিদে মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। তিনি এ ব্যাপারে ইমামগণকে মসজিদে সচেতনতামূলক অলোচনার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, এজন্য যাওয়া আসার পথে তদারকি করার জন্য সকলকে সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩০ | <u>উপজেলা তথ্য আপা প্রকল্প:</u><br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা। |
| ৩১ | বিবিধ:<br>ক) সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি সভায় জানান, অত্র উপজেলায় সেচ যন্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য ২৩টি আবেদনপত্র (পরিশিষ্ট-গ মোতাবেক) পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রগুলো সরেজমিনে যাচাই-বাছাই অন্তে যথাযথ পাওয়া গেছে। সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নীতিমালা মোতাবেক আবেদনপত্রগুলো উপজেলা পরিষদ সভায় অনুমোদনের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সেচ যন্ত্রের লাইসেন্স প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই অন্তে আবেদনপত্রগুলো যথাযথ হওয়ায় আবেদনকারী ২৩ জনের নামে লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সদস্য সচিব উপজেলা সেচ কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অভ্যন্তরে ২টি কাঁঠাল গাছ মৃত প্রায়। গাছ দুটি অবিলম্বে বিক্রয় না করলে গাছের মূল্য হ্রাস পাবে। এছাড়াও, গাছগুলো রেখে দেওয়া ঝুঁকিপূর্ণ হবে। আগামী ঝড় মৌসুমে গাছগুলো ভেঙ্গে পড়ার সম্ভবনা রয়েছে।<br><br>তিনি আরও জানান, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ বিক্রয়ের জন্য গঠিত সুপারিশ কমিটিতে উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা কর্তৃক মনোনীত একজন ইউপি চেয়ারম্যান সদস্য হিসেবে থাকার বিধান রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে, বর্ণিত কমিটিতে সদস্য হিসেবে জনাব মোঃ মতিয়ার রহমান বিশ্বাস, চেয়ারম্যান, ধলহরাচন্দ্র ইউপিকে মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়। অত:পর কমিটির সুপারিশের আলোকে গাছগুলো কর্তন ও নিলাম বিক্রয়ের ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী। |
| | গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদ অডিটরিয়ামের সামনে উপজেলা পরিষদ ভবনের পশ্চিম পাশের কিছু অংশ নিচু ও কাঁচা থাকায় বৃষ্টি হলে পানি জমে থাকে ফলে বর্ণিত স্থানে সিসি ঢালায় করা প্রয়োজন। ইতোমধ্যে সরেজমিন যাচাই করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য = ১,৯৯,৯৯৯/- টাকা। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) প্রাক্কলনটি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে পিআইসির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। |
| | ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন ও জীপগাড়ির গ্যারেজ মেরামত/সংস্কার করা প্রয়োজন। সরেজমিন যাচাই করে মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করার জন্য যথাক্রমে (২,০০,০০০+২,০০,০০০)= ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার দুইটি পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) প্রাক্কলন দুটি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে পিআইসির মাধ্যমে প্রকল্প দুটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। |
| | ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত/সংস্কার ও বাসভবনের বাথরুম, কিচেন মেরামতসহ ড্রেন স্লাব নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য যথাক্রমে (২,০০,০০০+২,০০,০০০)= ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার দুইটি পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) প্রাক্কলন দুটি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে পিআইসির মাধ্যমে প্রকল্প দুটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। |
| | চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, নলকোলা গ্রামের গোরস্থানটি রক্ষণাবেক্ষণের স্বার্থে সীমানা প্রাচীরসহ গেট নির্মাণ করা প্রয়োজন। এ কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্ত করে ১,৭৯,৮৬৯/- (এক লক্ষ উনআশি হাজার আটশত উনষাট) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) প্রাক্কলনটি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে পিআইসির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। |
| | ছ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১) ডিসেম্বর ২০২১ মাসে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও বাসভবন সংলগ্ন অফিসে ইন্টারনেট সংযোগ = ৩২০০/- টাকা।<br>২) উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় =৩০,০০০/-<br>৩) উপজেলা পরিষদ কার্যালয়ের ডিসেম্বর ২০২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা।<br>৪) উপজেলা পরিষদ জীপগাড়ির ডিসেম্বর ২০২১ মাসের জ্বালানি তেল খরচ বাবদ ব্যয় = ২৪৬০২/- টাকা।<br>৫) উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মালী ও সুইপারের ডিসেম্বর/২০২১ মাসে যথাক্রমে (২৬+২৬)= ৫২ দিনের মজুরি বাবদ= ২৮৬০০/- টাকা।<br>৬) মহান বিজয় দিবস ২০২১ উদযাপনের ব্যয়ভার নির্বাহের জন্য ৫০,০০০/- টাকা।<br>৭) উপজেলা পরিষদ হলরুম ও উপজেলা চেয়ারম্যান কার্যালয়ে ব্যবহৃত দুটি বৈদ্যুতিক মিটারের জুন ২০২১ হতে অক্টোবর ২০২১ পর্যন্ত বকেয়াসহ নভেম্বর ২০২১ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ= ১১,৪০০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | জ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | ঝ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | ঞ) যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতি ইউনিয়নের অন্তত একটি গ্রামকে যৌতুকমুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | প্রতিটি ইউনিয়নে অন্তত ১টি গ্রাম যৌতুকমুক্ত ঘোষণা করতে হবে। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেফালী
২৮/০১/২০২২

মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০- ৭২(৮০)

তারিখ : ২৫/০১/২০২২ খ্রিঃ
১১ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,..............................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা..................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ....................................................................... ...।

২৫/০১/২২

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদুন্নবী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০২ | ডাঃ মোঃ আজিজুর রহমান | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ, শৈলকুপা। | √ |
| ০৩ | জনাব মোঃ আকরাম হোসেন | উপজেলা কৃষি অফিসার, শৈলকুপা। | √ |
| ০৪ | জনাব ডাঃ মোঃ মামুন খান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ০৫ | জনাব মোঃ মাহফুজুর রহমান | প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী দপ্তর, শৈলকুপা। | √ |
| ০৬ | জনাব মলয় রঞ্জন বিশ্বাস | প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শৈলকুপা। | √ |
| ০৭ | জনাব মোঃ ওয়ালিউর রহমান | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শৈলকুপা। | √ |
| ০৮ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ০৯ | জনাব মোঃ কামরুল হাসান | পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ১০ | জনাব মোঃ ওবায়দুর রহমান | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), শৈলকুপা। | √ |
| ১১ | জনাব রেশমা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ১২ | জনাব মোঃ মুজিবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, শৈলকুপা। | √ |
| ১৩ | জনাব জুয়েল আহম্মেদ | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৪ | জনাব মোঃ রাকিবুল ইসলাম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব মোঃ শামীম শরীফ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), শৈলকুপা। | √ |
| ১৬ | জনাব মোঃ মোস্তফা মাহমুদ | প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিস, শৈলকুপা। | √ |
| ১৭ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব মোঃ আসিফ আলম | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব কাজী এহ্‌তেশামুল হক | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা। | √ |
| ২১ | জনাব মোঃ শরিফুল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ২২ | জনাব সঞ্জয় কুমার দেবনাথ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শৈলকুপা। | √ |
| ২৩ | জনাব অরুপ কুমার দাস | প্রতিনিধি, পল্লী বিদ্যুৎ সমিতি, শৈলকুপা। | √ |
| ২৪ | জনাব মোঃ রাশেদুল ইসলাম | প্রতিনিধি, ইসলামী ফাউন্ডেশন, শৈলকুপা। | √ |
| ২৫ | জনাব মোঃ সবুজ আলী | প্রতিনিধি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব রোকেয়া খাতুন | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব উত্তম কুমার সাহা | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৮ | জনাব কামরুন নাহার | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, শৈলকুপা। | √ |
| ২৯ | জনাব এসএম আব্দুল্লাহ আল মামুন | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, ঝিনাইদহ ইউনিট। | √ |
| ৩০ | জনাব মোঃ কামরুজ্জামান (জিকু) | চেয়ারম্যান, ৭নং হাকিমপুর ইউপি। | √ |
| ৩১ | জনাব মোঃ সালাহ উদ্দীন জোয়ার্দ্দার | চেয়ারম্যান, কাঁচেরকোল ইউপি। | √ |
| ৩২ | জনাব শামসুন্নাহার | ইউপি সচিব, দুধসর ইউপি। | √ |
| ৩৩ | জনাব মোঃ সোলায়মান শেখ | প্যানেল চেয়ারম্যান, ত্রিবেনী ইউপি। | √ |
| ৩৪ | জনাব মোঃ সাব্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, উমেদপুর ইউপি। | √ |
| ৩৫ | জনাব মোঃ কামরুজ্জামান | ইউপি সচিব, ফুলহরি ইউপি। | √ |
| ৩৬ | জনাব আবু সাদাত মোঃ সায়েম আলী | ইউপি সচিব, বগুড়া ইউপি। | √ |
| ৩৭ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ধলহরাচন্দ্র ইউপি। | √ |
| ৩৮ | জনাব তারিক আজিজ | ইউপি সচিব, সারুটিয়া ইউপি। | √ |
| ৩৯ | জনাব মোঃ জিল্লুর রহমান | চেয়ারম্যান, দিগনগর ইউপি। | √ |
| ৪০ | জনাব মোঃ ওয়াহেদুজ্জামান | ইউপি সচিব, মনোহরপুর ইউপি। | √ |
| ৪১ | জনাব মোঃ হেলাল উদ্দীন | চেয়ারম্যান, আবাইপুর ইউপি। | √ |
| ৪২ | জনাব মোঃ আলী মনছুর | ইউপি সচিব, নিত্যানন্দপুর ইউপি। | √ |
| ৪৩ | জনাব মোখলেসুর রহমান | ফরেস্টার, শৈলকুপা বনায়ন কেন্দ্র। | √ |

**অনুপস্থিত**

| | | | |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | × |
| ০২ | জনাব মিঠুন বিশ্বাস | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ০৩ | জনাব মোঃ শামীম আহম্মেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | × |
| ০৪ | জনাব ইন্দিনা কাদির | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ০৫ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | × |
| ০৬ | রোকাইয়া তানজিলা | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা। | × |
| ০৭ | জনাব মোঃ তৌফিকুজ্জামান | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। | × |

পরিশিষ্ট-খ

| প্রকল্পের আইডি | প্রকল্পের নাম | প্রকল্পের বরাদ্দ | ট্যাক্স | ভ্যাট | মোট প্রাক্কলন-ভ্যাট,ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০১ | সেবা প্রাপ্তি সহজীকরনের লক্ষ্যে তরুণ উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিমূলক ই-নামজারি, অনলাইন ভিত্তিক ভূমিসেবা ও ভূমি আইন সম্পর্কিত মৌলিক জ্ঞান বিষয়ক প্রশিক্ষণ । | ১৪৪৭০০ | ৩৯৪২ | ৩৮৪৬ | ১৫২৪৮৮ |
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০২ | বেকার যুবকদের ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ। | ১৫৮২৫০ | ৫৬৬১ | ৯৪৮৫ | ১৭৩৩৯৬ |
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০৩ | আর্থ সামাজিক উন্নয়নে আধুনিক প্রযুক্তিতে উচ্চ মূল্যের ফসল চাষ এর মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি এবং পুষ্টি ও নিরাপত্তা অর্জন । | ১৮৫৮৭৫ | ৫৩২৫ | ৫৫৪৬ | ১৯৬৭৪৬ |
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০৪ | ইংরেজী শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজী বিষয়ের শিক্ষকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ। | ১৮৭১৭৫ | ৪৬৪৫ | ৪৮১৮ | ১৯৬৬৩৮ |
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০৫ | কর্মহীন নারীদের আত্মকর্মসংস্থান বৃদ্ধিমূলক বিউটিফিকেশন প্রশিক্ষণ। | ১৮৬৫৪০ | ৬৬২১ | ৬৭৯৫ | ১৯৯৯৫৬ |
| সিডি-৫-২০২০-২১-৪০৪৪৮০-০৬ | দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গাভী পালন বিষয়ক দুগ্ধ খামারীদের প্রশিক্ষণ। | ১৩৭৪৬০ | ৩৪৩৭ | ৪৪৫৪ | ১৪৫৩৫১ |
| | মোট | ১০০০০০০ | ২৯৬৩১ | ৩৪৯৪৪ | ১০৬৪৫৭৫ |

পরিশিষ্ট-খ

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়
ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।
www.badc.gov.bd

২৪.০১.২০২২
কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

"কৃষিই সমৃদ্ধি"

স্মারক নং- ১২৯

তারিখঃ ১২/১/২০২২ খ্রিঃ

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
ও
সভাপতি
উপজেলা সেচ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

বিষয়ঃ সেচ যন্ত্রের লাইসেন্সের আবেদন তদন্ত পূর্বক তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শৈলকুপা উপজেলার সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ২০ (বিশ) টি লাইসেন্স ও ০৩ (তিন)টি লাইসেন্স নবায়নের জন্য সরেজমিনে তদন্ত করে সঠিক ও যথাপোযুক্ত হওয়ায় অনুমোদনের জন্য সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য নিম্নোক্ত ছক পূরণ করে করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরে প্রেরণ করা হলো।

**সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্রের তালিকাঃ**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও পিতার নাম | মৌজার নাম | জেএল নং | খতিয়ান নং | দাগ নং | সেচযন্ত্রের ধরণ | রশিদ নং | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | মোঃ নিফাউর রহমান<br>পিতাঃ তোরাফ আলী বিশ্বাস | কুমিড়াদহ | ১৭৭ | ২৫৯ | ৫০৫ | অগভীর নলকূপ | ৯৩৪ | ২০০/- | |
| ২ | উত্তম কুমার রায়<br>পিতঃ মৃত. কান্তি ভষণ রায় | বাদালশো | ৭৬ | ৭৩ | ৯৪৫ | অগভীর নলকূপ | ৮৯৬ | ২০০/- | |
| ৩ | মোঃ গোলাম নবী বিশ্বাস<br>পিতাঃ মৃত. এলাহী বিশ্বাস | শেখরা | ১১৫ | ২২১ | ৩২৮ | অগভীর নলকূপ | ৯৩৩ | ২০০/- | |
| ৪ | মোঃ ফজলুর রহমান<br>পিতাঃ মৃত. আঃ গনি বিশ্বাস | পুটিমারী | ১৩৬ | ১১৯৪ | ২৪৫৬ | অগভীর নলকূপ | ৯৪২ | ২০০/- | |
| ৫ | কান্ত জোয়ার্দ্দার<br>পিতাঃ মৃত. গনেশ চন্দ্র জোয়ার্দ্দার | ভাটই | ১৪০ | ৭২৭ | ১২৭৬ | অগভীর নলকূপ | ৯৩৯ | ২০০/- | |
| ৬ | মোঃ টিপু সুলতান<br>পিতাঃ মৃতঃ আবু বকর মোল্লা | ভাটই | ১৪০ | ৫৯০ | ৪৫৭৫ | অগভীর নলকূপ | ৯৪০ | ২০০/- | |
| ৭ | মোঃ আবু মোহাম্মদ খাইরুল ইসলাম<br>পিতাঃ মৃতঃ আতর আলী | সাতগাছি | ৫২ | ১৩৮ | ৮৬৬ | অগভীর নলকূপ | ৯৩০ | ২০০/- | |
| ৮ | মোঃ ওহাব বিশ্বাস<br>পিতাঃ মৃত. নাদের হাসান বিশ্বাস | হাট ফাজিল পুর | ১৬৯ | ৯৬৪ | ৪৫৫৪ | অগভীর নলকূপ | ৯৩১ | ২০০/- | |
| ৯ | মোঃ মুন্সি আবুল কালাম আজাদ<br>পিতাঃ মৃতঃ মুন্সি সামছুজোহা | মৌকুড়ী | ৫৩ | ৯৮২ | ৬৯১ | অগভীর নলকূপ | ৮৮৫ | ২০০/- | |
| ১০ | মোঃ মুন্সি আবুল কালাম আজাদ<br>পিতাঃ মৃতঃ মুন্সি সামছুজোহা | মৌকুড়ী | ৫৩ | ৪৫৬ | ৭২০ | অগভীর নলকূপ | ৮৮৪ | ২০০/- | |
| ১১ | মোঃ গোলাম রসুল পান্না<br>পিতাঃ মৃত. রুস্তম আলী খান | নাগিরাট | ১১৫ | ২৯৯ | ৪৪৯ | অগভীর নলকূপ | ৯৩৬ | ২০০/- | |
| ১২ | গোলাম কুদ্দুস খান<br>পিতাঃ মৃত. রুস্তম আলী খান | নাগিরাট | ১১৫ | ২৯৯ | ৯০৯ | অগভীর নলকূপ | ৮৮৯ | ২০০/- | |
| ১৩ | মোঃ রহমতুল্লাহ বিশ্বাস<br>পিতাঃ রফিকুল ইসলাম বিশ্বাস | মালিথিয়া | ৯৮ | ১৪২৮ | ১৬৫০ | অগভীর নলকূপ | ৯৩৫ | ২০০/- | |
| ১৪ | মোঃ মজিবর রহমান বিশ্বাস<br>পিতাঃ মৃত. ময়েন উদ্দিন বিশ্বাস | ধলহারাচন্দ্র | ৯৪ | ৮২৪ | ১৫৪৮ | অগভীর নলকূপ | ৯১৫ | ২০০/- | |
| ১৫ | মোঃ জাহিদুল ইসলাম<br>পিতাঃ মৃত. মজিবর রহমান | নৌপাড়া | ১০৬ | ৮২ | ৩৫৭ | অগভীর নলকূপ | ৮২০ | ২০০/- | |
| ১৬ | মোঃ লোকমান মন্ডল<br>পিতাঃ মোঃ আফিল উদ্দিন মন্ডল | সুবিদ্দাহ | ৮৬ | ১৭৮ | ১২৩ | অগভীর নলকূপ | ৯৫১ | ২০০/- | |
| ১৭ | মোঃ মনিরুল ইসলাম<br>পিতাঃ জব্বার মোল্লা | তরফ উমেদপুর | ১২২ | ৮৯১০ | ১৭১২৯ | অগভীর নলকূপ | ৯৪৯ | ২০০/- | |

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়
ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।
www.badc.gov.bd

*"কৃষিই সমৃদ্ধি"*

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮ | মোঃ মনিরুল ইসলাম<br>পিতাঃ মহর আলী মন্ডল | খুলুমবাড়ীয়া | ৮২ | ১৬৯ | ১৩৫ | অগভীর নলকূপ | ৯৫০ | ২০০/- | |
| ১৯ | মোঃ খয়বার আলী<br>পিতাঃ কাশেম মন্ডল | গোবিন্দপুর | ৮৪ | ২০৪ | ২৮০৬ | অগভীর নলকূপ | ৯৪৭ | ২০০/- | |
| ২০ | মোঃ আঃ মজিদ<br>পিতাঃ আকবর মন্ডল | মাঝদিয়া | ৯৫ | ১৮ | ৮৪ | অগভীর নলকূপ | ৮৯৮ | ২০০/- | |
| ২১ | মোঃ জাহাঙ্গীর<br>পিতাঃ মোঃ বিসারত মন্ডল | বাগুটিয়া | ১৬৬ | ৩৬ | ১৯২৬ | অগভীর নলকূপ | ৯২৫ | ২০০/- | নবায়ন |
| ২২ | মোঃ রাজু আহাম্মেদ<br>পিতাঃ মোঃ বাবুল কাজী | গোপালপুর | ৩৫ | ৫৭ | ৩৬২ | অগভীর নলকূপ | ৯১৬ | ২০০/- | নবায়ন |
| ২৩ | মোঃ উজ্জ্বল হোসেন<br>পিতাঃ মৃত. আত্তাফ উদ্দিন বিশ্বাস | উত্তর বোয়ালিয়া | ২১ | ১০৫৬ | ২২৯৮ | অগভীর নলকূপ | ৯২৪ | ২০০/- | নবায়ন |

(এস,এম আব্দুল্লাহ্ আল মামুন)
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।